



শনিবার, আগস্ট ২, ২০২৫ ■ শ্রাবণ ১৮, ১৪৩২

বনিকবার্তা



✓ এনএসইউতে এআই ও সাংবাদিকতা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) এমসিজে প্রোগ্রামের উদ্যোগে 'কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও সাংবাদিকতা : মিডিয়া শিক্ষার ভবিষ্যৎ দিকনির্দেশনা' শীর্ষক একটি সেমিনার সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে মূল বক্তব্য দেন প্রথম আলোর অনলাইন প্রধান শওকত হোসেন মাসুম। অনুষ্ঠানে একটি স্কোপিং রিপোর্ট উপস্থাপন করেন কাঠমান্ডু বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. সমীক্ষা কৈরলা এবং এনএসইউর এমসিজে প্রোগ্রামের প্রভাষক জারিন তাসনিম। সঞ্চালনায় ছিলেন এনএসইউর সহকারী অধ্যাপক ড. সৌমিক পাল। সমাপনী বক্তব্য দেন এনএসইউর স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সেসের ডিন ড. রিজওয়ানুল ইসলাম।